

মু'জিয়া, কিরামাত ও যাদু

এ জগত সংসারে মাঝে মাঝে এমন কিছু ঘটে যা মানুষের শক্তি, ক্ষমতা ও সাধ্যের বাহিরে। এমন কিছু ঘটলে আমরা বলি অলৌকিক ঘটনা। অলৌকিক ঘটনা সাধারণত তিন ধরনের হয়ে থাকে। যেমনঃ মু'জিয়া, কিরামাত ও যাদু।

মু'জিয়াঃ

কাফির নেতারা সালিহ আঃকে বলল: ওই পাথর থেকে উঠনী বের করে আনতে পারলে তোমাকে মেনে নেব। আল্লাহর অনুমতি পেয়ে সালিহ আঃ ডাক দিলেন। পাথর থেকে বেরিয়ে এল বাচ্ছা সহ তরতাজা উঠনী।

ঈসা আঃ মাটি দিয়ে পাখি বানিয়ে বললেন: আল্লাহর হুকুমে জীবিত হও। জীবন্ত পাখি হয়ে উড়ে গেল।

রাজ দরবারে খুনের আসামী হয়ে ফাঁসির আদেশ মাথায় নিয়ে মুসা আঃ মিশর ছেড়ে পালিয়ে ছিলেন। দীর্ঘ ১২ বছর পর ফিরে এলেন রাসূল হয়ে। ফেরাউনকে রিসালাতের প্রমাণ দিতে গিয়ে ছেড়ে দিলেন হাতের লাঠি। মুসা আঃ লাঠি ছাড়তেই বিরাট সাপে পরিনত হল।

প্রায় ছয় লাখ ইসরাঈলী নিয়ে মিশর থেকে পলায়ন কালে মুসা আঃর সামনে পড়ল লোহিত সাগর। ডানে-বামে পাহাড় আর পিছনে ধেয়ে আসছে প্রায় ১২লাখ ফেরাউনী সৈন্য। এমন কঠিন পরিস্থিতিতে মুসা আঃ আল্লাহর সরনাপন্ন হলেন। আল্লাহর হুকুমে মুসা আঃ লাঠি দিয়ে সাগরে আঘাত করলেন। সাগরের পানি বিভক্ত হয়ে বিরাট রাস্তা হয়ে গেল। তিনি পার হয়ে গেলেন কয়েক লক্ষ্য অনুসারী নিয়ে।

মক্কাহর মুশরিক নেতারা একদিন বলল: মুহাম্মাদ ! পারলে আকাশের চাঁদকে দু টুকরা করে দেখাও। তোমাকে মেনে নেব। বুঝব তুমি সত্য নবী। আল্লাহর হুকুমে মুহাম্মাদ সাঃ হাত দিয়ে ইশারা করলেন। আকাশের চাঁদ দুই টুকরা হয়ে গেল। মুশরিক নেতারা বলল: বেটা বিরাট যাদুগর। তার যাদু আকাশেও কার্যকর।

এক যুদ্ধের প্রকালে পানির অভাব দেখা দিল। রাসূল সাঃর আগুল থেকে নির্গত পানি দিয়ে সমস্ত বাহিনী অযু করল, সবাই পান করলেন এবং সঙ্গে থাকা পাত্র সমূহ ভরে রাখলেন। ইত্যাদি ইত্যাদি...

এভাবে নবী-রাসূল থেকে ঘটে যাওয়া অলৌকিক ঘটনাকে মু'জিয়া বলে।

কিরামাতঃ

মিশরের বৃহত নদীর নাম নীল। নীল নদে পানি কমে যাচ্ছিল। ইসলামী জাহানের খলিফাহ আমরুল মুঅমিনীন উমর রাঃ নীল নদের নামে চিঠি পাঠালেন। উমর রাঃর চিঠি পেয়ে পানি ফুলে উঠল। তখন থেকে প্রবাহিত হচ্ছে নিয়মিত।

একবার আগ্নেয় গিরি ধেয়ে এল। গর্ত থেকে বের হয়ে আসছে আগুনের সয়লাব। জ্বালিয়ে ভস্ম করে দেবে সব। উমর রাঃ ধমকে উঠলেন। ধমক খেয়ে আগুন ভিতরে চলে গেল। আর বের হয়নি।

কোন মুঅমিন থেকে ঘটে যাওয়া অলৌকিক ঘটনাকে কিরামাত বলে। আমাদের সমাজে ব্যবহৃত শব্দ হল কেলামত বা কেলামতি।

যাদুঃ

অনেকে আবার যাদুর খেলা দেখায়। যেমনঃ- মাটির দলা হাতে দিল, হয়ে গেল মিষ্টি। আটার বস্তায় লাথি মারল, হয়ে গেল ছাগল। সিগারেট খেয়ে ধুয়া ছাড়ল, হয়ে গেল ফুল গাছ।

কেহ আবার যাদু দিয়ে মানুষের সর্বনাশ করে। যাদু লিখা তাবিজ দিয়ে বা যাদু-মন্ত্র পড়া খাবার দিয়ে বা ফুলের ঘ্রান শুকিয়ে মানুষকে বশ করে। যাদুও এক প্রকার ক্ষমতা বা শক্তি। যা প্রদর্শিত হয় মন্দ লোক দ্বারা। শয়তান ও মন্দ লোকদের দ্বারা প্রদর্শিত অলৌকিক ঘটনাকে যাদু বলে।

পর্যালোচনাঃ মু'জিয়া ও কিরামাত আল্লাহ প্রদত্ত। আল্লাহ তাঁর বান্দাকে সাহায্য করতে এর প্রদর্শনী করেন। মু'জিয়া বা কিরামাতের জন্য কোন মন্ত্র বা তাবিজ ব্যবহার করতে হয়না। শুধু আল্লাহর সাহায্য চাওয়া হয়।

আর যাদু শয়তানী শক্তি। যাদুর জন্য মন্ত্র বা তাবিজ ব্যবহার করতে হয়। এসব মন্ত্র বা তাবিজের আওতাধীন থাকে একদল শয়তান জিন্ন। জিন্নরা যাদুগরের ইচ্ছামত কাজটি করে দেয়। যাদুর মন্ত্র আরবী বা অন্য যে কোন ভাষায় হতে পারে। তবে এর অর্থ বুধগম্য নয়। যাদুর তাবিজে নানা ধরনের নকশা থাকে। যাদুর তাবিজে কুরআনের আয়াত অন্য ভাবে লিখা হয়।

যাদু লিখতে রক্ত, মূত্র, পশু পাখির চামড়া বা চর্বি ব্যবহার করা হয়। আবার সাধারণ কালি দিয়েও লিখা হয়। যাদুকৃত তাবিজ বা বস্তু পশু পাখি বা মাছকে খাবানো হয় বা মাটির নীচে পুতে রাখা হয় বা পানিতে ফেলে দেয়া হয় বা পশু পাখির সঙ্গে বেধে দেয়া হয়।

যাদু-মন্ত্র পড়া বা যাদুর তাবিজ ব্যবহার করা হারাম। যে যাদু করে সে আর মুসলিম থাকেনা। তার ইবাদাত কবুল হয়না। যাদুগর কাফির, চির জাহান্নামী। ইসলামী বিচারে তার সাজা মৃত্যু-দন্ড। তাই সাবধান! এমন কাজ করে নিজের আখেরাত নষ্ট করা থেকে সাবধান। আল্লাহ আমাদের হেফাজত করুক। আমীন।

উত্তর লিখঃ

১. মু'জিয়া বলতে কি বুঝ? উদাহরণ সহ বুঝিয়ে বল।
২. কিরামাত বলতে কি বুঝ? উদাহরণ সহ বুঝিয়ে বল।
৩. যাদু বলতে কি বুঝ? উদাহরণ সহ বুঝিয়ে বল।
৪. মু'জিয়া, কিরামাত ও যাদুর পার্থক্য নির্ণয় কর।
৫. তাবিজ বা মন্ত্র কোনটির জন্য দরকার হয় আর কোনটির জন্য দরকার হয়না? বুঝিয়ে বল।
৬. যাদুর মন্ত্র পড়া বা যাদু লিখা তাবিজ ব্যবহার করা ভাল কাজ না মন্দ কাজ? বুঝিয়ে বল।
৭. যা ব্যক্তি যাদু-মন্ত্র পড়ল বা যাদুর তাবিজ লিখল তার নামায রোজা সহ কোন ইবাদাত কবুল হবে কি? সে কি মুসলমান থাকে?
৮. যাদু চিনার কয়েকটি আলামত বর্ণনা কর।

সত্য-মিথ্যা নির্ণয় করঃ

১. নবী-রাসূল থেকে ঘটে যাওয়া অলৌকিক ঘটনাকে কিরামাত বলে।
২. নেক-কার কোন মু'আমিন থেকে ঘটে যাওয়া অলৌকিক ঘটনাকে মু'জিয়া বলে।
৩. কোন ফাসিক মন্দলোক থেকে ঘটে যাওয়া অলৌকিক ঘটনাকে যাদু বলে।
৪. মু'জিয়া বা কিরামাতের জন্য তাবিজ লিখতে হয়।
৫. যাদু করা ভাল নয়। তবে যাদু করলেও মানুষ মুসলমান থাকে।